

ধূপ

এবার সৌরভ দাও। গৃহে গৃহে হোক সম্প্রচার,  
এ হেন তুচ্ছ বার্তা তা না হলে কি উপায়ে  
পৌঁছাবে বলো?

এবারে সৌরভ নাও ঝুলিভর্তি, বাড়ি বাড়ি  
তিন প্রহর ঘোরো। পদে পদে ঝামটা খাও,  
'দিদি, বৌদি, আর এক প্যাকেট.....'

এভাবে সৌরভ আয়,  
লকআউটের পর ধূপগন্ধে ভরে যাক আমাদের ঘর।

অমিতাভ ভট্টাচার্য

